



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

সাভার শাখা, ঢাকা।

(অর্থক্ষণ আদালত আইন ২০০৩-এর ১২ (৩) ধারা অনুযায়ী বন্ধকী সম্পত্তি বিক্রয়ের)

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকা-এর ঋণ গ্রহীতা মেসার্স আলিফ স্টোর এন্ড টেলিকম সেন্টার, চাপাইন (তালতলা মোড়), সি আর পি, সাভার, ঢাকা, স্বত্বাধিকারী জনাব মোঃ আবুল হোসেন, পিতা মৃত লাল মিয়া, মাতা বিবি হাজেরা, সাং চাপাইন(তালতলা মোড়), সি আর পি, সাভার, ঢাকা কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে বন্ধক দাত্রী ফরিদা বেগম, স্বামী-মোঃ আবুল হোসেন, সাং চাপাইন(তালতলা মোড়), সি আর পি, সাভার, ঢাকা এবং ৩০ নং জোড়পুল লেন, ওয়ারী, সুত্রাপুর, ঢাকা- এর মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকায় বন্ধকী দলিল মূলে দায়বদ্ধ রাখিয়া উক্ত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে ব্যাংক কর্তৃপক্ষকে আম-মোক্তার নিযুক্ত করিয়াছেন। উক্ত ঋণ গ্রহীতার নিকট ০৫/১০/২০২৩ ইং তারিখ পর্যন্ত সুদসমেত অনাদায়ী ঋণের পরিমাণ টাকা ৩৬,৫৯,১২৩.৫১ (ছত্রিশ লক্ষ ঊনষাট হাজার একশত তেইশ টাকা একান্ন পয়সা) মাত্র, যাহা বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট দেনাদার পরিশোধ করিতেছেন না। এই প্রেক্ষিতে অর্থক্ষণ আদালত আইন ২০০৩-এর ১২ (৩) ধারার বিধান মতে অর্পিত ক্ষমতাবলে নিম্ন তফসিল বর্ণিত দায়বদ্ধ সম্পত্তি যেইখানে যেই অবস্থায় আছে, বিক্রয়পূর্বক দেনা আদায়ের নিমিত্তে নিম্নে বর্ণিত শর্তে টেন্ডার আহবান করা যাইতেছে।

শর্তাবলী

১. দরপত্র আগামী ০৮/১১/২০২৩ইং তারিখ বিকাল ২.৩০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকায় রক্ষিত টেন্ডার বাঞ্চে জমা প্রদান অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে এবং ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
২. দরপত্রে দরপত্র দাতার নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ফোন নাম্বার উল্লেখ করিতে হইবে।
৩. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ২০%, উদ্ধৃত দর ১০ লক্ষ টাকার উর্ধ্ব কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০ লক্ষ টাকার উর্ধ্ব হইলে ১০% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার-এর মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪. অনূর্ধ্ব ১০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০ লক্ষ টাকার উর্ধ্ব কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০ লক্ষ টাকার উর্ধ্ব উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. উপরোক্ত ৪নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষ কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে।
৬. তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সিটি করপোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব বেসিক ব্যাংক লিমিটেড-এর উপর বর্তাইবে না।
৭. কম জামানত বা জামানতবিহীন দরপত্র বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।
৮. দরপত্রে প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ তাহা গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ বা গৃহীত বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯. সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
১০. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য সম্পর্কে অবহিত হইবার নিমিত্তে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ঢাকা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সাভার অধীণ ঢাকা কালেক্টরীর ২৭নং ভৌজিত্ত সি.এস-৬৫৩, এস.এ-১৬৮, আর.এস-১৬৪ নং মৌজা আইচানোয়াদস্থিত সি.এস খতিয়ান নং-৩/৭৪, এস.এ খতিয়ান নং-৪৯, আর.এস খতিয়ান নং- ৫২, সি.এস ও এস.এ দাগ নং- ০৫, আর.এস দাগ নং- ২০৫, সম্পত্তির পরিমাণ ৪.৫০ (চার দশমিক পাঁচ শূণ্য) শতক ভূমি, যাহার উত্তরে মোঃ আজিজুল ইসলাম, দক্ষিণে ও পূর্বে-চলাচলের রাস্তা এবং পশ্চিমে-অন্য দাগ। যার মালিক মোছাঃ ফরিদা বেগম, স্বামী-জনাব মোঃ আবুল হোসেন সাং চাপাইন(তালতলা মোড়), সি আর পি, সাভার, ঢাকা এবং ৩০ নং জোড়পুল লেন, ওয়ারী, সুত্রাপুর, ঢাকা

সহকারী মহাব্যবস্থাপক এবং শাখা প্রধান

প্রকাশ: ১২.১০.২০২৩ইং

দৈনিক আমাদের সময়